গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
আইসিটি শাখা
www.noakhali.gov.bd

কিশোর-কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে গঠিত জেলা কমিটির মে ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি	দেওয়ান মাহবুবুর রহমান জেলা প্রশাসক
সভার তারিখ	১৫ মে ২০২৩ খ্রিস্টাব্দ
সভার সময়	বেলা ১২:০০ ঘটিকা
স্থান	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, নোয়াখালী
উপস্থিতি	সভায় অংশগ্রহণকারী সদস্যদের তালিকা পরিশিষ্ট-ক তে সন্নিবেশিত

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। বর্তমানে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে কিশোর-কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে জেলা কমিটির কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে সভাপতি জেলা ও উপজেলা কমিটির সদস্যদেরকে কিশোর-কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে অধিকতর তৎপর হওয়ার জন্য অনুরোধ করেন এবং গুরুত্বারোপ করে দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। অতঃপর আলোচ্যসূচি পেশ করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), নোয়াখালীকে অনুরোধ করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

০২. সভা ও সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণঃ
(ক) সভার শুরুতে এপ্রিল ২০২৩ মাসের সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কারো কোন সংশোধনী, সংযোজন/বিয়োজন আছে কিনা জানতে চাওয়া হয়।

সিদ্ধান্তঃ
২.১) এপ্রিল ২০২৩ মাসের সভার কার্যবিবরণীর উপর কারো কোনো সংশোধনী, সংযোজন/বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

০৩) কিশোর-কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে জেলা কমিটির সভা আহ্বানঃ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ২১ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দের ৫৬.০৩.০০০০.০০৫.০৬.০০২.২৩.৪ নং স্মারকের নির্দেশনা মোতাবেক কিশোর- কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে জেলা কমিটির প্রতি মাসে সভা আয়োজনের নির্দেশনা রয়েছে এবং আবশ্যিকভাবে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সিসিএ কার্যালয় বরাবর প্রেরণ করতে হবে।
সিদ্ধান্তঃ ৩.১) অনুষ্ঠিত সভার কার্যবিবরণী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সিসিএ কার্যালয় বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪) কিশোর-কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে উপজেলা কমিটির সভা আহ্বানঃ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ২১ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দের ৫৬.০৩.০০০০.০০৫.০৬.০০২.২৩.৪ নং স্মারকের নির্দেশনা মোতাবেক কিশোর- কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে উপজেলা কমিটির প্রতি মাসে সভা আয়োজনের

নির্দেশনা রয়েছে এবং আবশ্যিকভাবে পূর্ববর্তী মাসের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী জেলা কমিটির নিকটে প্রেরণ করতে হবে। তারই ধারাবাহিকতায় গত এপ্রিল ২০২৩ মাসের উপজেলা "কিশোর-কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধ" কমিটির সভার কার্যবিবরণী অত্র কার্যালয়ে প্রাপ্তি সংক্রান্ত রিপোর্ট নিম্নরূপ:

ক্রমিক নং	এপ্রিল ২০২৩ মাসের উপজেলা কিশোর-কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী	
	পাওয়া যায়	পাওয়া যায়নি
০১.	--	নোয়াখালী সদর উপজেলা
০২.	--	চাটখিল উপজেলা
০৩.	--	কবিরহাট উপজেলা
০৪.	--	বেগমগঞ্জ উপজেলা
০৫.	--	সোনাইমুড়ী উপজেলা
০৬.	--	সেনবাগ উপজেলা
০৭.	--	কোম্পানীগঞ্জ উপজেলা
০৮.	--	সুবর্ণচর উপজেলা
০৯.	--	হাতিয়া উপজেলা

সিদ্ধান্তঃ

৪.১) কিশোর-কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে কার্যক্রম বাস্তবায়নে গতিশীলতা আনয়নের লক্ষ্যে উপজেলা কমিটি আবশ্যিকভাবে গঠন পূর্বক অনুলিপি জেলা কমিটির নিকট প্রেরণ করতে হবে।

৪.২) কিশোর- কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে কার্যক্রম বাস্তবায়নে গতিশীলতা আনয়নের লক্ষ্যে উপজেলা কমিটি'কে প্রতিমাসে কিশোর- কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে গঠিত কমিটির মাসিক সভা আয়োজন করে সভার কার্যবিবরণী জেলা কমিটির নিকট পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

০৫) স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী বাস্তবায়নযোগ্য বিভিন্ন কর্মপরিকল্পনা গ্রহণঃ

কিশোর-কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে অধিকতর তৎপর হওয়ার জন্য জেলা ও উপজেলা কমিটিকে স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা গ্রহণ করে সেই অনুযায়ী কার্যক্রম পরিচালনা করার নির্দেশনা প্রদান করা হয়। তারই ধারাবাহিকতায় জেলা কমিটির সিদ্ধান্তের আলোকে গত ১৩ মে ২০২৩ খ্রি. তারিখে স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা গ্রহণের লক্ষ্যে ১০ সদস্য বিশিষ্ট উপকমিটি গঠন করা হয়।

সিদ্ধান্তঃ

৫.১) উক্ত কমিটি নোয়াখালী জেলা "কিশোর-কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে" স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী **বিভিন্ন কর্মপরিকল্পনা** প্রণয়ন পূর্বক জেলা কমিটির নিকট উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৬) বিভিন্ন ধরণের সাইবার অপরাধ, সাইবার বুলিং ও সাইবার ব্ল্যাকমেইলিং এর শিকার এমন কিশোর-কিশোরীদের মাসিক প্রতিবেদন (বিবেচ্য মাস: এপ্রিল ২০২৩খ্রি.):

বিভিন্ন ধরণের সাইবার অপরাধ, সাইবার বুলিং ও সাইবার ব্ল্যাকমেইলিং এর শিকার এমন কিশোর-কিশোরীদের মাসিক প্রতিবেদন নোয়াখালী পুলিশ সুপারের কার্যালয় থেকে গত ০৯ মে ২০২৩ খ্রি. তারিখে প্রেরণ করা হয়। উক্ত প্রতিবেদন অনুসারে গত ০১ (এক) মাসে (বিবেচ্য মাস: এপ্রিল ২০২৩খ্রি.) সাইবার অপরাধের শিকার কিশোর-কিশোরীদের তথ্য, ডিজিটাল নিরাপত্তা আইন-২০১৮, পর্নোগ্রাফি নিয়ন্ত্রণ আইন-২০১২ এর আওতায় কোন মামলা দায়ের হয়নি।

০৭) বিভিন্ন ধরণের সাইবার অপরাধ , সাইবার বুলিং ও সাইবার ব্ল্যাকমেইলিং প্রতিরোধে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান:

কিশোর- কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে গঠিত জেলা কমিটি ইতঃপূর্বে গঠন করা হয়েছে। এই কমিটির প্রধান উদ্দেশ্য হচ্ছে প্রচার-প্রচারণার মাধ্যমে কিশোর-কিশোরীদের সাইবার বুলিং ও সাইবার অপরাধ সম্পর্কে সচেতন করার মাধ্যমে সম্পূর্ণভাবে অনলাইনে হয়রানি মুক্ত করা। তাছাড়া প্রতিটি কিশোর-কিশোরীদের জন্য নিরাপদ ইন্টারনেট নিশ্চিত করা।

নোয়াখালী জেলার সাইবার ওয়ারিয়র্স প্রতিনিধি জানান, গত ০৬ মে থেকে ১২ মে ২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত সোসাল মিডিয়া ব্যবহার করে বিভিন্ন ফেইক আইডির মাধ্যমে ২২ টি অপরাধ সংগঠিত হয়। কিন্তু এদের কেউ পরিবার/সামাজিক লজ্জার ভয়ে আইনের আশ্রয় নেয় নাই।

সাইবার অপরাধ, সাইবার বুলিং ও সাইবার ব্ল্যাকমেইলিং এর শিকার কিশোর-কিশোরীরা যেন যথাসময়ে যথোপযুক্ত সহায়তা পায় তা নিশ্চিত করা এবং সাইবার অপরাধ ও সাইবার বুলিং বিষয়ে প্রচার-প্রচারণা চালিয়ে সচেতনতা বাড়ানো হলে প্রতিরোধ কমিটির প্রত্যাশিত ফলাফল এবং কমিটির দায়িত্ব ও কর্তব্য বলে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন।

সভায় বক্তারা সাইবার অপরাধ এবং কিশোর-কিশোরীদের ওপর এর প্রভাব সাইবার বুলিং, অনলাইন যৌন হয়রানি, সাইবার অপরাধ ইত্যাদির ফলে সৃষ্ট প্রভাব নিয়ে আলোচনা করেন।

এ ব্যাপারে শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে শিক্ষার্থীদের কাছে বিজ্ঞপ্তি, লিফলেট, সেমিনার, সিম্পোজিয়াম, সভা সমাবেশ করে সচেতনতা সৃষ্টি করা উচিত বলে বক্তারা মন্তব্য করেন। তাছাড়া সাইবার অপরাধের শিকার এমন কিশোর-কিশোরীদের তালিকা তৈরি করার ব্যাপারে আলোচনা করা হয়।

সিদ্ধান্তঃ

৭.১) সাইবার বুলিং, অনলাইন যৌন হয়রানি, সাইবার অপরাধ সম্পর্কে ছাত্র-ছাত্রীদেরকে সচেতন করার লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানে ব্যাপক প্রচার করার জন্য এবং উপবৃত্তি প্রদানকালে যাতে কোন অভিবাবক তাদের বিকাশ/নগদ/রকেট এগুলোর পিন কারো সাথে শেয়ার না করে সে ব্যাপারে অভিবাকদেরকে সচেতন করার লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদেরকে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৭.২) নোয়াখালী জেলার সাইবার ওয়ারিয়র্স এ আসা সাইবার অপরাধ সংক্রান্ত অভিযোগ গুলোর বিস্তারিত প্রতিবেদন সাইবার অপরাধ প্রতিরোধ কমিটির মাসিক সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধসহ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

দেওয়ান মাহবুবুর রহমান
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪২.৭৫০০.০১৫.০৬.০০১.২৩.৮৩

তারিখ: ৩০ বৈশাখ ১৪৩০
১৩ মে ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম
৩) পুলিশ সুপার, নোয়াখালী
৪) সিভিল সার্জন, নোয়াখালী
৫) অধ্যক্ষ, নোয়াখালী সরকারী কলেজ, নোয়াখালী
৬) অধ্যক্ষ, নোয়াখালী সরকারী মহিলা কলেজ, নোয়াখালী
৭) উপ-নিয়ন্ত্রক (উপসচিব), সিসিএ কার্যালয়, ও সদস্য সচিব, সাইবার অপরাধ প্রতিরোধ কমিটি, তথ্য ও যোগাযোগ

প্রযুক্তি বিভাগ।

৮) উপজেলা নির্বাহী অফিসার (সকল), নোয়াখালী

৯) জনাব,.............................. সদস্য, জেলা কিশোর-কিশোরী সাইবার অপরাধ প্রতিরোধ কমিটি, নোয়াখালী

১০) গোপনীয় সহকারী, শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী [অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) এর সদয় অবগতির জন্য]

১১) অফিস কপি

দেওয়ান মাহবুবুর রহমান
জেলা প্রশাসক